


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১০১.৯৯.০০১.১৯-২৬৬১/১০

অফিস আদেশ

তারিখ: ১৮ মার্চ ২০১৯ খ্রিস্টাব্দ ১/২
৩১ জানুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ ১/৫



বাংলাদেশকে উন্নত ও সমৃদ্ধ রাষ্ট্রে উন্নীত করার যে স্বপ্ন তা বাস্তবায়ন করবে আমাদের দেশের শিক্ষার্থীদেরকে মানসম্মত শিক্ষাদানের মাধ্যমে সৃজনশীল, সৃষ্টিশীল, নীতিবান, দেশপ্রেমিক, মুক্তিযুদ্ধের চেতনায় সমৃদ্ধ এবং তথা প্রযুক্তি নির্ভর বিশ্বমানের নাগরিক হিসেবে গড়ে তুলতে হবে। এ জন্য প্রয়োজন মানসম্মত দক্ষ নিবেদিতপ্রাণ শিক্ষক। তাই মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক এবং শিক্ষার্থীদের মানোন্নয়নের জন্য প্রতিষ্ঠান প্রধানগণ নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পালন এবং বাস্তবায়ন নিশ্চিত করবেন।

১. শিক্ষকগণের শিক্ষা প্রতিষ্ঠানে যথাসময়ে উপস্থিতি এবং ফলপ্রসূ পাঠদান নিশ্চিত করতে হবে;
২. প্রাত্যহিক সমাবেশে শিক্ষার্থীদেরকে দিয়ে দুইটি নৈতিক বাক্য পাঠ করাতে হবে;
৩. শিক্ষকগণের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রতিষ্ঠান প্রধানগণ শিক্ষকদের নিয়ে নিয়মিতভাবে ইন-হাউস প্রশিক্ষণের আয়োজন নিশ্চিত করবেন;
৪. নির্ধারিত শিক্ষকের অনুপস্থিতিতে কোনো ক্লাস বন্ধ রাখা যাবে না;
৫. শ্রেণিকক্ষে পাঠ্যপুস্তকের বাইরে কোনো নোটবুক এবং গাইড বই ব্যবহার করা যাবে না;
৬. মাল্টিমিডিয়া ও কম্পিউটার ল্যাব ব্যবহার নিশ্চিত এবং সকল শিক্ষককে আইসিটি বিষয়ে পারদর্শী হতে হবে;
৭. সহ-শিক্ষা কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন এবং বিজ্ঞানাগার ও লাইব্রেরি ব্যবহার নিশ্চিত করতে হবে;
৮. শিক্ষা প্রতিষ্ঠানে (মাধ্যমিক পর্যায়ের) নির্বাচিত 'স্টুডেন্টস কেবিনেট'-এর কার্যক্রম ব্যবহার নিশ্চিত করতে হবে;
৯. মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠান পরিষ্কার-পরিচ্ছন্ন এবং স্বাস্থ্যসম্মত রাখার নিশ্চয়তা বিধান করতে হবে;
১০. প্রতিষ্ঠানের লাইব্রেরিতে শিক্ষার্থীদের নাগালের মধ্যে 'বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্র (১৫ খন্ড)' রাখা এবং পড়ার জন্য উৎসাহিত করতে হবে;
১১. শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এবং শিক্ষা বোর্ড কর্তৃক সময় সময় জারিকৃত অফিস আদেশ, পরিপত্র ও প্রজ্ঞাপন সংরক্ষণ, অনুসরণ এবং বাস্তবায়ন নিশ্চিত করতে হবে;

উপরোক্ত করণীয় বিষয়সমূহ প্রতিষ্ঠান প্রধানগণ বাস্তবায়ন করবেন। উর্ধ্বতন কর্তৃপক্ষ শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনকালে এ সকল নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে কিনা তা নিয়মিত পর্যবেক্ষণ এবং পরিদর্শন প্রতিবেদনে উল্লেখ করবেন।

স্বাক্ষরিত-
প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক
ফোন : ৯৫৫৩৫৪২

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিতরণ (বিতরণ জৈষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. প্রতিষ্ঠান প্রধান (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান)
২. পরিচালক (মনিটরিং অ্যান্ড ইভালুয়েশন উইং) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৩. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা..... (সকল অঞ্চল)
৪. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা..... (সকল অঞ্চল)
৫. জেলা শিক্ষা কর্মকর্তা..... (সকল জেলা)
৬. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা..... (সকল উপজেলা)।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য।

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশসচিবালয়, ঢাকা।
২. পরিচালক (কেলেজ ও প্রশাসন/মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ/ফিন্যান্স অ্যান্ড প্রকিউরমেন্ট) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৩. সিস্টেম এনালিস্ট, EMIS Cell, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (অফিস আদেশটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৪. সংরক্ষণ নথি।

Noec

৩১/৩/২০১৯
প্রফেসর মোহাম্মদ শামছুল হুদা
পরিচালক (কেলেজ ও প্রশাসন)
ফোন : ৯৫৬৩৪৩৯